

তারিখঃ ১৩-১০-২০২০

## শোক সংবাদ

বাংলাদেশ জাতীয় ফুটবল দলের সাবেক খেলোয়াড় ও অধিনায়ক এবং বাংলাদেশ ফুটবল ফেডারেশনের কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব মোঃ ইলিয়াস হোসেন এর মাতা হাসিনা বেগম অদ্য ১৩-১০-২০২০ তারিখ ভোর ৪.০০ ঘটিকায় বার্ষিক্যজনিত কারণে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাহে রাজেউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৩ বছর। তিনি ৫ ছেলে, ২ মেয়ে ও নাতীনাতনীসহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন। আজ বাদ যোহর গোপালগঞ্জ কোর্ট মসজিদে মরহুমার ১ম নামাজে জানাজা অনুষ্ঠিত হবে এবং বাদ আসর নিজ গ্রামের বাড়ীতে ২য় নামাজে জানাজা শেষে পারিবারিক করবস্থানে দাফন করা হবে।

জনাব মোঃ ইলিয়াস হোসেন এর মাতার মৃত্যুতে বাফুফের সভাপতি কাজী মোঃ সালাহ উদ্দিন, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতিবৃন্দ, নির্বাহী কমিটির সকল সদস্যবৃন্দ, সাধারণ সম্পাদকসহ সকল স্ট্যান্ডিং কমিটি, বাফুফের সকল কর্মকর্তা-কর্মচারীগণ আন্তরিক শোক প্রকাশ এবং তার পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।



আহসান আহমেদ অমিত

হেড অব মিডিয়া

বাংলাদেশ ফুটবল ফেডারেশন।

তারিখঃ ১৩-১০-২০২০

## শোক সংবাদ

বাংলাদেশ জাতীয় মহিলা ফুটবল দলের অধিনায়ক সাবিনা খাতুন এর পিতা সৈয়দ আলী গাজী গতকাল ১২-১০-২০২০ তারিখ রাত ৭.৩০ ঘটিকায় লিভার সমস্যা ও বার্ষিক্যজনিত কারণে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাহে রাজেউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৬ বছর। তিনি স্ত্রী ও ৫ মেয়েসহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন। আজ সকালে নিজ বাড়ী সাতক্ষীরায় মরহুমের দাফন সম্পন্ন হয়।

সাবিনা খাতুন এর পিতার মৃত্যুতে বাফুফের সভাপতি কাজী মোঃ সালাহ উদ্দিন, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতিবৃন্দ, নির্বাহী কমিটির সকল সদস্যবৃন্দ, সাধারণ সম্পাদকসহ সকল স্ট্যান্ডিং কমিটি, বাফুফের সকল কর্মকর্তা-কর্মচারীগণ আন্তরিক শোক প্রকাশ এবং তার পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।



আহসান আহমেদ অমিত

হেড অব মিডিয়া

বাংলাদেশ ফুটবল ফেডারেশন।